



স্বাস্থ্যগত সিদ্ধান্তের ওপর নির্ভর করছে খালেদা জিয়ার লন্ডন যাত্রা: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার শারীরিক অবস্থা উড়োজাহাজ ভ্রমণের উপযোগী কি না এ বিষয়ে চিকিৎসক দলের মতামতের ওপরই নির্ভর করছে তার লন্ডন যাত্রা। চিকিৎসকদের অনুমতি মিললে আগামী রোববারই তাকে লন্ডনে নেওয়ার পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (৫ ডিসেম্বর) জুমার নামাজ শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন,

“খালেদা জিয়ার উন্নত চিকিৎসা জরুরি হয়ে উঠেছে। দীর্ঘদিন পর্যাণ্ট চিকিৎসা না পাওয়ায় তার শারীরিক অবস্থার অবনতি হয়েছে। তাই তাকে ইংল্যান্ডে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।”

তিনি আরও বলেন, “গণতন্ত্রের জন্য নিজেদের নিবেদন করেছেন খালেদা জিয়া। আজকের এই অবস্থা সেই দীর্ঘ সংগ্রাম ও অবহেলিত চিকিৎসার ফল।”

মির্জা ফখরুল জানান, কাতার আমির প্রেরিত বিশেষ এয়ার অ্যাঙ্কুলেপ্সটি কারিগরি সমস্যায় আজ ঢাকায় পৌঁছাতে পারেনি। সবকিছু ঠিক থাকলে শনিবারের মধ্যেই এয়ার অ্যাঙ্কুলেপ্স ঢাকায় পৌঁছাতে পারে। এরপর চিকিৎসকদের সবুজ সংকেত মিললেই খালেদা জিয়ার যাত্রা চূড়ান্ত করা হবে।